

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি



স্মারক নং-উবি-০৬/২০০৭-১৬৫৬০

তারিখ: ১১ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

শিশুশ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থী, সম্মানিত শিক্ষক, অভিভাবক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে, সরকারি নির্দেশনা অনুসারে কোভিড-১৯ এর যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ১২ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ রবিবার থেকে বিদ্যালয়ে শ্রেণিকার্যক্রম শুরু হয়েছে।

১। ৫ম শ্রেণি, এসএসসি পরীক্ষার্থী-২০২১ ও ২০২২ এবং এইচএসসি পরীক্ষার্থী-২০২১ ও ২০২২ এর শ্রেণিকার্যক্রম প্রতি সপ্তাহের রবিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত (অনলাইন এর পরিবর্তে) নিম্নলিখিত ছক অনুসারে বিদ্যালয়ে অনুষ্ঠিত হচ্ছে:

শ্রেণি	শ্রেণিকার্যক্রমের সময়	আগমনের সময়	প্রবেশ ও বাহির হওয়ার গেইট	ছুটির সময়
৫ম	৮:০০ থেকে ৯:২০ মিনিট	৭:৪০	৩ নম্বর গেইট	৯:২০ মিনিট
এসএসসি-২০২১	৯:২০ থেকে ১০:৪০ মিনিট	৯:১০	২ নম্বর গেইট	১০:৪০ মিনিট
এসএসসি-২০২২ (১০ম)	১১:২০ থেকে ১২:৪০ মিনিট	১১:১০		১২:৪০ মিনিট
এইচএসসি-২০২১ (দ্বাদশ)	৮:০০ থেকে ৯:২০ মিনিট	৭:৪০		৯:২০ মিনিট
এইচএসসি-২০২২ (একাদশ)	১০:৪০ থেকে ১২:০০ মিনিট	১০:৩০		১২:০০ মিনিট

২। ১ম শ্রেণি ও ২য় শ্রেণি এবং ৬ষ্ঠ শ্রেণি ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের শ্রেণিকার্যক্রম সপ্তাহে একদিন চলছে এবং ৮ম ও ৯ম শ্রেণির শ্রেণিকার্যক্রম ২২/০৯/২০২১ তারিখ বুধবার থেকে সপ্তাহে দুইদিন চলছে। এছাড়া ৩য় ও ৪র্থ শ্রেণির শ্রেণিকার্যক্রম ৩০/০৯/২০২১ তারিখ বৃহস্পতিবার থেকে সপ্তাহে দুইদিন নিম্নলিখিত ছক অনুসারে অনুষ্ঠিত হবে এবং সপ্তাহের অন্য দিনগুলোতে তাদের অনলাইন শ্রেণিকার্যক্রম যথারীতি চলবে:

শ্রেণি	বার	শ্রেণিকার্যক্রমের সময়	আগমনের সময়	প্রবেশ ও বাহির হওয়ার গেইট	ছুটির সময়
১ম	রবিবার	১২:০০ থেকে ১:২০ মিনিট	১১:৫০ মিনিট	৩ নম্বর গেইট	১:২০ মিনিট
২য়	সোমবার				
৩য়	মঙ্গলবার ও বৃহস্পতিবার				
৪র্থ	বুধবার ও বৃহস্পতিবার				
৬ষ্ঠ	রবিবার	০৮:৪০ থেকে ১০:০০ মিনিট	০৮:৩০ মিনিট	২ নম্বর গেইট	১০:০০ মিনিট
৭ম	সোমবার				
৮ম	মঙ্গলবার ও বুধবার				
৯ম	বুধবার ও বৃহস্পতিবার				

৩। শিশুশ্রেণির শ্রেণিকার্যক্রম পূর্বের ক্লাস রুটিন অনুযায়ী অনলাইনে যথারীতি অনুষ্ঠিত হবে।

বিশেষ দ্রষ্টব্য: উপরিউক্ত বিষয়গুলোর পাশাপাশি নিম্নবর্ণিত বিষয়ের প্রতি সকলকে বিশেষ গুরুত্ব দেয়ার জন্য অনুরোধ করা হলো:

(ক) শিক্ষার্থীরা বিদ্যালয় কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে আসবে।

(খ) শিক্ষার্থীরা আগমনের নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই সুশৃঙ্খলভাবে বিদ্যালয়ের অভ্যন্তরে প্রবেশ করবে।

(গ) ছুটির সময় শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের ফ্রমানুসারে (রুম নম্বর অনুসারে) শিক্ষকের তত্ত্বাবধানে ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির ছাত্রীরা ১নং সিঁড়ি এবং ছাত্ররা ২নং সিঁড়ি ব্যবহার করে নিচে নামবে।

(ঘ) ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীরা শিক্ষকের তত্ত্বাবধানে ৩নং সিঁড়ি ব্যবহার করবে।

(ঙ) শিক্ষার্থীরা তাদের রোল নম্বর অনুসারে ধারাবাহিকভাবে শ্রেণিকক্ষে আসন গ্রহণ করবে।

(চ) ছুটির সময় শ্রেণিকক্ষে দায়িত্বরত সম্মানিত শিক্ষক শিক্ষার্থীদের সাথে নিয়ে নিচে নামতে হবে।

(ছ) ৩য় এবং ৪র্থ শ্রেণির শিক্ষার্থীরা পুনর্বিন্যাসকৃত আসন অনুসারে ৩০/০৯/২০২১ তারিখ বৃহস্পতিবার থেকে শ্রেণিকক্ষে বসবে।

(জ) সর্বোপরি, শিক্ষার্থীদেরকে সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ

স্মারক নং-উবি-০৬/২০০৭-১৬৫৬০

তারিখ: ১১ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট প্রেরণ করা হলো:-

১. সংশ্লিষ্ট শ্রেণির শ্রেণিশিক্ষক

২. সম্মানিত সমন্বয়কারীবৃন্দ ১।

২।

৩।

৪।

৫।

৩. অফিস কপি

৪. ওয়েব সাইট (www.udayan.edu.bd)

৫. নোটিশ বোর্ড